

## রাতের কোনো দরোজা নেই

সেলিম মুস্তাফা

রাতের কোনো দরোজা নেই  
হাত নেই পা নেই আমারও  
সোনার কাঠি রুপার কাঠি নেই  
কেউ জাগাবে না আমাকে, কেউ না,  
আমার ঘাম থেকে জন্ম নেয় না কোনো সংবিধান

একটি পতাকা কি সিঁড়ি বেয়ে উঠছে ?  
নামছে একটি ?

সবুজ লনের দিকে  
গড়িয়ে নামছে শুধু রক্তের ধারা  
রক্তের খুব পছন্দ ঘাস

রক্ত কি কাঁদে ? ঘাসের সঙ্গে কথা বলে চপিচপি ?  
রক্তেও কি জল থাকে, ও

উত্তরন- ১১ তম খণ্ড  
(শারদ সংখ্যা) ২০২১

কিছুই না জেনে আঁর্মি ঘুমিয়ে পড়ি নিশ্চিন্তে রাতের কালোয়,  
জ্যোৎস্না বলেছিল ডোর বেল লাগাঁও হেঁ কবি-  
আমি আসবো !

আসেনি, দরোজা না থাকলে কারো প্রবেশ নেই-  
প্রস্থানও নেই